




## ইরান-যুক্তরাষ্ট্র সমঝোতা স্মারকে স্বাক্ষর করল পাকিস্তান



পাকিস্তানের প্রধানমন্ত্রী শাহবাজ শরিফ। ছবি: সংগৃহীত

ইরান ও যুক্তরাষ্ট্রের মধ্যে চলমান উত্তেজনার পর একটি অন্তর্বর্তী শান্তি চুক্তির সমঝোতা স্মারকে স্বাক্ষর করেছে পাকিস্তান। মধ্যস্থতাকারী হিসেবে এই চুক্তিতে সই করেন দেশটির প্রধানমন্ত্রী শেহবাজ শরিফ।

বৃহস্পতিবার (১৮ জুন) 'ইসলামাবাদ এমওইউ' নামের এই সমঝোতা স্মারকে তিনি স্বাক্ষর করেন বলে বিভিন্ন আন্তর্জাতিক গণমাধ্যমে জানানো হয়েছে।

সংবাদমাধ্যম আলজাজিরার বরাতে জানা যায়, যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প এবং ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান পৃথকভাবে চুক্তির প্রাথমিক ধাপে সম্মতি জানানোর পর পাকিস্তান মধ্যস্থতাকারী হিসেবে আনুষ্ঠানিক স্বাক্ষর সম্পন্ন করে।

এর আগে বিভিন্ন পর্যায়ের আলোচনার পর দুই দেশের মধ্যে সম্ভাব্য স্থায়ী শান্তি চুক্তির ভিত্তি হিসেবে এই সমঝোতা স্মারককে দেখা হচ্ছে। ১৪টি ধারা সম্বলিত এই নথিকে ভবিষ্যৎ চুক্তির রূপরেখা হিসেবে উল্লেখ করা হয়েছে।

চুক্তি স্বাক্ষরের সময় ট্রাম্প ফ্রান্সে জি-৭ সম্মেলনের ফাঁকে অবস্থান করছিলেন বলে জানানো হয়। অন্যদিকে ইরানের প্রেসিডেন্ট তেহরানে নিজ দপ্তর থেকে পৃথকভাবে সমঝোতা স্মারকে সই করেন।

চুক্তি স্বাক্ষরের পর পাকিস্তানের প্রধানমন্ত্রী শেহবাজ শরিফ জানান, এখন থেকে এর বাস্তবায়ন প্রক্রিয়া দ্রুত শুরু হবে বলে আশা করা হচ্ছে।